

ম্যাজিস্ট্রেট আদালত সংক্রান্ত সেবা

অপরাধের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশে বিভিন্ন ধরনের আদালত প্রতিষ্ঠিত হয়েছে। ফৌজদারি কার্যবিধি অনুসারে ম্যাজিস্ট্রেট দুই ধরনের থাকবে- ১। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২। নির্বাহী ম্যাজিস্ট্রেট।

জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট তিন ধরনের-

১। ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট

২। ২য় শ্রেণির ম্যাজিস্ট্রেট

৩। ৩য় শ্রেণির ম্যাজিস্ট্রেট

ফৌজদারি কার্যবিধির ৩২ ধারায় ম্যাজিস্ট্রেটদের দন্ড প্রদানের ক্ষমতা উল্লেখ রয়েছে।

ক। মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট – পাঁচ বছরের কারাদন্ড ও দশ হাজার টাকা জরিমানা।

খ। দ্বিতীয় শ্রেণির ম্যাজিস্ট্রেট- তিন বছরের কারাদন্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা।

গ। তৃতীয় শ্রেণির ম্যাজিস্ট্রেট- দুই বছরের কারাদন্ড ও দুই হাজার টাকা জরিমানা।